

পর মাণু সিরিজ

৫৬

স্বপ্নে শিকড় কবে ছড়িয়েছে সমস্ত শরীরে
ছিল না প্রথমে জানা, ডাল কাটি, পাতা কাটি, তবু
মরেও মরে না গাছ, গুঁড়ি থেকে ফের বেড়ে ওঠে
মাদকের নেশা আনে ঘুম, স্বপ্ন ঘুমের গভীরে।

৫৭

সময় সর্বস্ব চায়, এ সত্য যদিও ছিল জানা
না দিলে ছিনিয়ে নেয়, এরকম উপলব্ধি আজ
জীবনের প্রয়োজনে সময়ের কাছে সমর্পণ
আমাকে সর্তক করে, দ্রুত সারি অসমাপ্ত কাজ।

৫৮

উদয়ান্ত পরিশ্রম, ঘাম ঝারে পায়ের পাতায়
দিন আমি, দিন খাই, রাতে শুয়ে প্রথমেই ভাবি
যা হোক, যেভাবে হোক, আরো একদিন কেটে গেল
কাল ভোরে দেখা যাবে কোন দিকে সূর্য উঠে আসে।

প্রদীপচন্দ্ৰ বসু

